শৈবনিত্যকর্ম

International Shiva Shakti Gyan Tirtha

১।ব্রহ্ম মুহূর্তে নিদ্রা ভঙ্গ করতে হবে (সন্ধিকালে) ৪ থেকে ৪.৩০ এর মধ্যে।

২।প্রাতঃকালিন শিব স্মরণ ও গুরু স্মরণ করতে হবে।

৩।শৌচ কর্ম সেরে দাঁত পরিস্কার করে মুখ ধুয়ে নিতে হবে।

৪।জল দেবতা কে প্রণাম করে মন্ত্র পাঠ পূর্বক স্নান (বা মন্ত্র স্নান) করতে হবে।

৫।দেবতা ও পিতৃ পুরুষদের উদ্দেশ্যে তর্পণ করতে হবে।

৬।স্নান করার পর পরিস্কার বস্ত্র ও শৈব উত্তরীয় ধারণ করতে হবে।

৭।বাসী কাপড় ধুয়ে শুকাতে দিতে হবে।

৮।রুদ্রাক্ষ মালা এবং ভস্ম দ্বারা ত্রিপুন্ড্র কপালে ও দেহে ধারন করতে হবে।

৯।সন্ধি প্রোক্ষন (মন্ত্র উচ্চারন করতে করতে জল ছেটাবে মাথায়)করবে।

১০।সূর্য উদয় হলে সূর্যের উদ্দেশ্যে জল প্রদান,আচমন ও প্রণাম করবে।

১১।পৃথিবীকে প্রণাম করে বৃক্ষের গোড়ায় জল প্রদান করবে।

১২।এরপর পূজা সামগ্রি (ফুল, বেলপাতা, জল ইত্যাদি) জোগাড় করে শৈবাচার অনুসারে শিব আরাধনা করবে।

১৩।পঞ্চব্রহ্ম মন্ত্রপাঠ, প্রাণায়াম ও ন্যাস করে জপ করবে , ধ্যান করবে , স্তোত্র পাঠ করবে , প্রণাম করবে।

১৪।বিশ্বের সকলের শান্তি কামনা করবে, নিরন্তর শৈব হয়ে শিবভক্তি করে শিবজ্ঞানে অটুট থাকাবার প্রার্থনা করবে।

১৫।সৎ পথে অর্থ উপার্জনের কথা চিন্তা করবে ,ধর্মের পথে থেকে ধর্মের উত্থানের জন্য তৎপর থাকবার চিন্তা করবে।

১৬।পিতা মাতা ও গুরুজনেদের দণ্ডবৎ প্রণাম করবে, নিজের কুল দেবতা ও গ্রামের দেবতাকে স্মরণ করে প্রণাম করবে।

১৭।গো-মাতা ,কুকুর ,কাক ও অন্যান্য পশুপাখিদের খেতে দেবে।

১৮।পরিমিত আহার করবে “শিবার্পণমস্তু” বলে আহার শুরু করবে।

১৯।শিবনাম স্মরণ করে সমস্ত দিনের নিত্যকার্যে মন দেবে।

২০।বাড়ি থেকে বের হওয়ার সময় বৃষভ ধবজকে প্রণাম করে বের হবে।

২১।বিকালে বা সন্ধ্যায় গৃহে সন্ধ্যাকার্য সম্পন্ন করে শিবমন্দিরে শিব ভজন ও আরতি সঙ্গীত গেয়ে শিব দর্শন ও প্রণাম করে গৃহে ফিরবে।

২২।সর্বদা ব্রহ্মচর্য পালন করবে ও সর্বদা শৈবশাস্ত্র অধ্যয়ন করবে।

২৩।ঘুমানোর আগে ভস্ম দ্বারা ত্রিপুন্ড্র ধারন করে প্রার্থনা ও শিবস্মরণ করে ঘুমোবে।

- শ্রী নন্দীনাথ শৈব আচার্যজীর নির্দেশানুসারে